

## নাগরিক লজ্জা

কোথায় রাখি আমার এ লজ্জা ?

যখন দেখি চোখের সামনে  
নৃশংসা হত্যা; গনহত্যা  
আর মানবতার কবর রচনা ।

কোথায় রাখি আমার এ লজ্জা ?

যখন দেখি... . . .  
এতো নয় স্বপ্নের জন্মভূমি  
সোনার বাংলা কিংবা রংপুরী বাংলা ।  
নির্মম ছুরিকাঘাত; অবিরাম কামাকাঞ্চা  
চাঁদাবাজি আর দূনীতির পলিতে  
ক্রমাগত ভরাট জীবনের নদীগুলি ।  
দিক হারায় পদ্মা, মেঘনা, যমুনা  
কপোতক্ষ, শীতলক্ষ্যা আর কর্ণফুলী ।  
স্তন্ধ বঙ্গোপসাগরের জোয়ার ভাটা  
সূর্যোদয় আর সূর্যাস্তে  
অনবরত ধূসর রংয়ে রংগুলা ।

কোথায় রাখি আমার এ লজ্জা ?

যখন দেখি... . . .  
ভালাবাসাইন মানুষের স্পর্শে  
অনাগত সময়েই পাতাবারা গাছ  
কৃষকের ফেটে যাওয়া মাঠ ।  
মানুষের বিধ্বস্ত উপাসনালয়  
বিধ্বস্ত জীবন যাপন,  
বিধ্বস্ত মানবিকতা  
বিধ্বস্ত আমি - তুমি - সে  
বিধ্বস্ত নাগরিক ।

জাতেদ আকতার  
প্রথমকবিতাঙ্গেজিমেইল.কম ।